

Chapter One | Sentence


English Grammar শেখার জন্য শুরু করতে হবে একদম বাক্য দিয়েই। কীভাবে একটি sentence তৈরি হয়, বিভিন্ন ধরণের sentence কীভাবে চেনা যায়- এই সবগুলো বিষয় আমাদের মাথায় রাখতে হবে।

Sentence: যে শব্দ বা শব্দ সমষ্টি দ্বারা সম্পূর্ণ অর্থ প্রকাশ পায় এবং যা সধারণত কর্তা এবং ক্রিয়া দ্বারা গঠিত, তাকে sentence বা বাক্য বলা হয়।

We go to school everyday.

এখানে We কর্তা/Subject এবং go ক্রিয়া/Verb

Sentence কে আমরা অর্থ ও গঠন - এই দুই ভিত্তিতে শ্রেণিবিভাগ করতে পারি:



অর্থ অনুসারে বাক্য ৫ প্রকারঃ

- Assertive Sentence (বিবৃতিমূলক বাক্য)
- Interrogative Sentence (প্রশ্নসূচক বাক্য)
- Imperative Sentence (আদেশসূচক বাক্য)
- Optative Sentence (প্রার্থনাসূচক বাক্য)
- Exclamatory Sentence (বিস্ময়সূচক বাক্য)

1. Assertive Sentence (বিবৃতিমূলক বাক্য): কোন সাধারণ বিবৃতি বা বক্তব্যকে assertive sentence বলে।

Structure: Subject+ verb+
object/complement/adverb/adjective.

Example:

We love cricket.

Assertive Sentence দুই প্রকার:

- Affirmative Sentence (হ্যাঁ-বোধক বাক্য)
- Negative Sentence (না-বোধক বাক্য)

1. i. Affirmative Sentence: হ্যাঁ-বোধক বাক্যকে Affirmative Sentence বলা হয়।

Examples:

The bus is moving slowly.

I have completed my work for the day.

1. ii. Negative Sentence: না-বোধক বাক্যকে Negative Sentence বলা হয়।

Examples:

The bus is not moving fast enough.

I have not completed my assigned tasks.

2. Interrogative Sentence (প্রশ্নসূচক বাক্য): যদি কোন বাক্যে কোন ব্যক্তি বা বস্তু সম্পর্কে জিজ্ঞাসা করা হয়, তাকে interrogative sentence বলে। এবং এটি সবসময় প্রশ্নবোধক চিহ্ন দ্বারা শেষ হয়।

Example:

Has he gone to school today?

Structures:

2. i. Auxiliary verb (A.V) + Subject + main verb+ object + extension + question mark

Examples:

Did you complete your homework?

Was he writing a letter?



2. ii. Wh. Question + A.V. + subject + main verb + object + extension + question mark

Examples:

Where did you meet him?

Why haven't you completed your assignment?

3. Imperative Sentence (আদেশসূচক বাক্য): যে বাক্য দ্বারা কোন কিছুর আদেশ, নিষেধ, পরামর্শ, অনুরোধ বুঝায় তাকে imperative sentence বলে।

Structure: Subject (invisible) + main verb + object + extension.

Examples:

Do your homework.

Go to school.

Be honest.

4. Optative Sentence (প্রার্থনাসূচক বাক্য): যে বাক্য দ্বারা ইচ্ছা, আকাঙ্ক্ষা, প্রার্থনা ইত্যাদি বুঝায়, তাকে optative sentence বলে।

Structure: May/wish+ Assertive.

Examples:

May you live long.

Wish you a good day.

5. Exclamatory Sentence (বিস্ময়সূচক বাক্য): যে বাক্য দ্বারা বিস্ময়, হতাশা, দুঃখ, কষ্ট, খুশি, ক্রোধ ইত্যাদি প্রকাশ পায়, তাকে exclamatory sentence বলে।

Examples:

Alas! He lost the game.

Structures:

5. i. Exclamatory words (hurrah, alas, bravo etc) + exclamation mark + assertive sentence

Examples:

Hurrah! I got the scholarship.

Bravo! You did it.

5. ii. What/How + adjective + noun + verb + exclamation mark

Examples:

What a beautiful bird it is!

How pretty this scenery is!

The clause: অন্তত একটি Subject ও Finite verb সহ যেসব শব্দগুচ্ছ একটি Sentence গঠন করে বা এর একটি অংশ হিসেবে বাক্যে ব্যবহৃত হয় ও একটি অর্থ প্রকাশ করে – সেগুলোকে Clause বলা হয়।

Clause 2 প্রকারঃ

1. Principle Clause
2. Subordinate Clause

1. Principle Clause: একটি Subject, একটি finite verb সহ যে Clause স্বাধীনভাবে অর্থ প্রকাশ করে, সেটি Principle Clause হয়।

2. Subordinate Clause: একটি Subject, একটি finite verb থাকার পরেও যে Clause স্বাধীনভাবে অর্থ প্রকাশ করে না, সেটি Subordinate/Dependent Clause হয়।

Example:

I went to my office as I had to work that day.

Principle Clause

Subordinate Clause

Clause ও গঠন/structure অনুসারে Sentence ৩ প্রকারঃ

1. Simple Sentence (সরল বাক্য)
2. Complex Sentence (জটিল বাক্য)
3. Compound Sentence (যৌগিক বাক্য)

1. Simple Sentence (সরল বাক্য): যে বাক্যে একটি subject এবং একটি finite verb থাকে, তাকে simple sentence বলে।

Structure: Subject+ finite verb+ extension

Examples:

We have eaten lunch.

He went to school.



2. Complex Sentence (জটিল বাক্য): যে বাক্যে একটি principal clause থাকে, এক বা একাধিক subordinate clause থাকে, তাকে complex sentence বলে।

Subordinate clause beginner conjunctions: where, while, who, which, how, if, whether, as, since, because, although, so that, before, after, unless, till, until, whatever, wherever, whoever, whenever etc.

Examples:

If you go on the trip, I will not accompany you.

I went to the shop as I needed some groceries.

3. Compound Sentence (যৌগিক বাক্য): যে বাক্য একাধিক principal clause এর সমন্বয়ে গঠিত থাকে এবং principal clause গুলো 'coordinating conjunction' দ্বারা সংযুক্ত থাকে, তাকে compound sentence বলে।

Coordinating Conjunctions: and, or, but, nor, for, also, however, moreover, else, still, as well as, therefore, otherwise, yet, not yet, but also, either....or, neither.....nor, on the contrary etc.

Examples:

The man is rich but he is a corrupt.

I have reached the venue and it is very crowded.